রেল বার্তা

আসানসোল স্টেশনে আর্ট গ্যালারি উদ্বোধন করলেন পূর্ব রেলের জেনারেল ম্যানেজার

স্টাফ রিপোর্টার : পূর্ব রেলের জেনারেল ম্যানেজার হরিন্দ্র রাও গত শুক্রবার আসানসোল স্টেশন ঘুরে দেখেন। ওইদিন সকালে তিনি আসানসোলের লোকোশেড উদ্বোধন করেন। এছাড়া আসানসোলের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার মিশ্র'র উপস্থিতিতে ডিভিশনাল অফিসারদের সঙ্গে একটি বৈঠকও করেন। ওই বৈঠকে পূর্ব রেলের জেনারেল ম্যানেজার আসানসোল ডিভিশনের ডিভিশনাল অফিসার ও কর্মীদের রেলের নিরাপত্তা, সময়ানুবর্তিতা এবং পরিচ্ছন্নতাকে অগ্রাধিকার দেওয়ার নির্দেশ দেন।

শুক্রবার সকালেই রাও আসানসোল স্টেশনে উদ্বোধন করেন একটি আর্ট গ্যালারির। সাধারণভাবে পূর্ব রেলের এবং বিশেষভাবে আসানসোল ডিভিশন তৈরির সময়ে বহু দুর্লভ ছবি এই গ্যালারিতে রয়েছে। এছাড়া ফিল্ড স্টাফদের সুবিধাকে আসানসোলের টিআরএস লোকোশেডে রাও একটি স্টাফ ক্যান্টিনেরও উদ্বোধন করেন।

এরপর তিনি যান আসানসোলের মেমুশেড পরিদর্শনে। সেখানে তিনি সংস্কার করা গার্ডবক্স এবং এলইডি লাইটস সহ নতুন মেমু রেকের উদ্বোধন করেন। পূর্ব রেল কর্তৃপক্ষ জানিয়েছে, এই এলইডি লাইট মেমু রেকগুলিতে কমপক্ষে ৫০ শতাংশ বিদ্যুৎ বাঁচাতে সাহায্য করবে। এছাড়া ট্রেনের কম্পার্টমেন্টগুলি আরও অনেক বেশি আলোকময় হয়ে উঠবে। জেনারেল ম্যানেজার এরপর আসানসোল ও মধুপুর স্টেশনের মধ্যে বিভিন্ন স্থান দ্রুত ঘুরে দেখেন। পরিদর্শন করেন মধুপুর স্টেশনও। মধুপুরে পূর্ব রেলের জেনারেল ম্যানেজার স্টেশন প্রাঙ্গণ কতটা পরিচ্ছন্ন তা খুঁটিয়ে দেখেন। উদ্বোধন করেন ফটো গ্যালারির চিত্র বীথিকার। স্টেশন প্রাঙ্গণের সৌন্দর্য বাড়ানোর জন্য এই গ্যালারি তৈরি করা হয়েছে বলেও জানানো হয়েছে পূর্ব রেলের তরফে। মধুপুরে এদিন সন্ধ্যাতেই রাও পূর্ব রেলের স্কাউট ও গাইডদের ট্রেনিং সেন্টারে ক্যাম্পোরি ও গোল্ডেন জুবিলি স্টেট র‍্যালিতে যোগ দেন।

মধুপুরে পূর্ব রেলের স্কাউটস ও গাইডসের গোল্ডেন জুবিলি স্টেট র‍্যালি

স্টাফ রিপোর্টার : মধুপুরে পূর্ব রেলের স্কাউটস ও গাইডের গোল্ডেন জুবিলি স্টেট র‍্যালি ক্যাম্পুরি অনুষ্ঠিত হয়। নৃত্যনাট্য, লোকনৃত্য, ব্যান্ড ও প্রদর্শনী সহ বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচি এই উপলক্ষে নেওয়া হয়। পূর্ব রেলের জেনারেল ম্যানেজার হরিন্দ্র রাও মধুপুরে শুক্রবার সন্ধ্যায় পূর্ব রেলের স্কাউটস অ্যান্ড গাইডসের গোল্ডেন জুবিলি স্টেট র‍্যালি উপলক্ষে প্রদীপ জ্বালিয়ে গ্র্যান্ড ক্যাম্পফায়ারের উদ্বোধন করেন। ইস্টার্ন রেলওয়ে উইমেন'স ওয়েলফেয়ার অর্গানাইজেশনের সভাপতি বিমলা রাও এবং আসানসোলের ডিআরএম পি কে মিশ্র এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে পূর্ব রেলের জেনারেল ম্যানেজার রাও বলেন, স্কাউট সংক্রান্ত কাজ স্কাউটদের সৎ ও শৃঙ্খলাবদ্ধ করে তোলে। এর মাধ্যমে রেল পায় উপযুক্ত মানের কর্মী। এছাড়া বিভিন্ন ধর্মীয় উৎসব, মেলা ও পুজোর দিনগুলিতে যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে যেভাবে পূর্ব রেলের স্কাউটস অ্যান্ড গাইডসের স্বেচ্ছাসেবীরা সাহায্য করেন, তাদের সেই কাজেরও উচ্চকিত প্রশংসা করেন রাও। বিভিন্ন জেলায় স্কাউটস অ্যান্ড গাইডসের স্বেচ্ছাসেবীরা তাদের ব্যতিক্রমী কাজের জন্য পুরস্কৃত হন। তাদের হাতে পুরস্কার তুলে দেন জেনারেল ম্যানেজার। আসানসোলের ডিআরএম পি কে মিশ্র এই উপলক্ষে তার বক্তব্য রাখেন। অনুষ্ঠানে হাজির ছিলেন পূর্ব রেলের সদর দফতরের সিনিয়র অফিসার এবং ডিভিশনাল অফিসাররা।

সংস্থার প্রযুক্তি কর্মীকে গ্রেফতারের পর একাধিক তৎকাল বুকিং সফটওয়্যার সিবিআই-এর স্ক্যানারে

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা সিবিআই-এর এক প্রযুক্তিবিদকে গ্রেফতারের পর কার্যত রেলের তৎকাল বুকিং সফটওয়্যারগুলিকে নিজেদের নজরদারির অধীনে নিয়ে এল সিবিআই। কারণ গোয়েন্দাদের ধারণা, রেলের পুরো টিকিট ব্যবস্থাকে বানচাল করতে কাজ করছিল একটি চক্র। সংস্থার প্রযুক্তিবিদকে গ্রেফতারের পর তাই একাধিক অনলাইন সফটওয়্যারকে সিবিআই স্ক্যানারের নিচে আনা হল।

সিবিআই-এর এক মুখপাত্র দাবি করেছেন, সংস্থার গোয়েন্দারা এমন বেশকিছু সফটওয়্যারের হদিশ পেয়েছেন, যাতে খুব সহজেই অনলাইনে তৎকাল টিকিট মেলে। প্রসঙ্গত, সিবিআই ওই সংস্থার সহকারী প্রোগ্রামার অজয় গর্গকে ট্রাভেল এজেন্টদের কাছে তৎকাল বুকিং সফটওয়্যার বিক্রির অভিযোগে গ্রেফতার করেছে।

সিবিআই-এর ওই মুখপাত্রের দাবি, এইসব সফটওয়্যারগুলি রেলের টিকিট ব্যবস্থাকে পুরোপুরি নষ্ট করে দিয়ে বুকিংয়ের প্রক্রিয়াকে দ্রুত করে তুলত এবং এর সাহায্যেই তারা টিকিট কেটে ফেলত অনলাইনে। এভাবে লক্ষ লক্ষ টাকা রেলকে ফাঁকি দিয়ে একটি অসাধু চক্র বেআইনিভাবে রোজগার করেছে। সিবিআইয়ের মুখপাত্র অভিষেক দয়ালের দাবি, কতিপয় কর্মচারী এজেন্ট এই সফটওয়্যারগুলি ব্যবহার করে বিপুল সম্পত্তির মালিক হয়েছেন।

সিবিআই গোয়েন্দারা জানতে পেরেছেন, এই কাজে গর্গের অন্যতম সাহায্যকারী ছিলেন অনিল গুপ্তা। তাকেও মারধর করা হয়েছে বলে অভিযোগ। গর্গ ও সিবিআইয়ের কিছু অফিসার যারা বেআইনি কাজ করেছেন, তাদের তো বটেই, এছাড়া আরও কিছু ব্যক্তির উপর নজরদারি চালাচ্ছে সিবিআই। প্রয়োজন হলেই তাদের গ্রেফতার করা হবে বলে জানা গেছে।

ধৃত সিবিআইয়ের সহকারী প্রোগ্রামার অজয় গর্গের বা-মা, স্ত্রী, বোন এবং বোনের স্বামীও এই সফটওয়্যারটি ব্যবহার করে ট্রাভেল এজেন্টদের কাছ থেকে বিপুল পরিমাণ অর্থ আত্মসাৎ করেছেন। যেসব ট্রাভেল এজেন্ট এই পদ্ধতি ব্যবহার করে টিকিট বুক করেছিলেন, তারা গোয়েন্দা ও পুলিশের নজর এড়াতে বিট কয়েন এবং হাওয়ালা চ্যানেলের মাধ্যমে টাকা জোগাড় করে অন্যত্র পাঠিয়েছেন।

সিবিআই বিভিন্ন শহরের ট্রাভেল এজেন্টদের উপর নজর রাখছে। ইতিমধ্যেই মোট ১০ জনকে এই নজরদারির আওতায় আনা হয়েছে। এই ১০ এজেন্টের মধ্যে ৭ জন জৌনপুরের এবং ৩ জন মুম্বইয়ের। সিবিআইয়ের অধিকর্তা অলোক ভার্মা এদিন বলেছেন, এইসব দুর্নীতিগ্রস্তের সম্পর্কে কোনওরকম নরম মনোভাব নেওয়া হবে না।

প্রসঙ্গত, তৎকাল কোটায় টিকিট বুকিং খোলা হয় এসি ক্লাসের জন্য ঠিক সকাল দশটায় এবং নন-এসি কোচগুলির জন্য সকাল এগারোটায়। পরদিন যেসব ট্রেন ছাড়বে সেই ট্রেনের জন্য এই বুকিং হয়। তৎকাল কোটা অনুসারে প্রতিটি কোচে নির্দিষ্ট কিছু আসন থাকে। রেল কর্তৃপক্ষ যেসব মানুষের জরুরি টিকিট প্রয়োজন তাদেরই এই তৎকাল পরিষেবার সুযোগ দেয়।

যাত্রীরা প্রায় সকলেই অভিযোগ করে থাকেন, আইআরসিটিসি ওয়েবসাইটে অথবা কমপ্লিট বুকিং প্রসেসে যখনই তারা ঢোকেন তখনই তারা দেখতে পান, টিকিট বুকিং শুরু হওয়ায় কয়েক মিনিটের মধ্যেই তৎকাল কোটা শেষ হয়ে যায়। ফলে তাদের বুকিংগুলি খারিজ হয়। না হলে ওয়েট লিস্টে চলে যায়। অথচ বেশকিছু ট্রাভেল এজেন্ট রয়েছে যারা রেলের নির্ধারিত মূল্যের থেকে অনেক বেশি দামে তৎকাল কোটায় টিকিট পাইয়ে দেয়। দীর্ঘদিন ধরে এই অভিযোগ ওঠায় সিবিআই তদন্ত শুরু করে। আর তদন্ত শুরু করতে গিয়ে ওই সংস্থারই এক প্রযুক্তি কর্মীকে এই ব্যবস্থার সঙ্গে জড়িত থাকার অভিযোগে গ্রেফতার করেছে সিবিআই।

রাজধানীতে ট্রেনের পর প্রবল কুয়াশায় থমকে গেল উড়ান চলাচল

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : রাজধানীর মানুষের রবিবার সকালে ঘুম ভাঙে প্রবল ধোঁয়াশার মধ্যে। কারণ রাজধানী দিল্লি ও সংলগ্ন অঞ্চলে দূষণের মাত্রা গত কয়েকদিন ধরেই নির্দিষ্ট মাপকাঠি ছাড়িয়ে গেছে। কাশ্মীরে তুষারপাত হচ্ছে। উত্তর ভারতে চলছে শৈত্যপ্রবাহ। তার সঙ্গে পাল্লা দিয়ে কুয়াশা এবং অধিকাংশ সময়ে ধোঁয়াশা। ঘন কুয়াশার কবলে পড়ে বেশ কিছুদিন ধরেই রাজধানী দিল্লি সহ উত্তর ভারতে ট্রেন চলাচল বিপর্যস্ত হয়েছে। বহু ট্রেন বাতিল করা হচ্ছে। বেশকিছু ট্রেনের সময়সূচিরও পরিবর্তন হয়েছে। এবার ট্রেনের সঙ্গে ধোঁয়াশার কারণে পাল্লা দিতে নামল উড়ান চলাচলও। দিল্লির ইন্দিরা গান্ধি আন্তর্জাতিক বিমানবন্দর থেকে যেসব বিমান বিভিন্ন গন্তব্যে যায়, তাদের চলাচল সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছে। কারণ অস্বাভাবিক কুয়াশা। ১০টি উড়ানকে ঘুরিয়ে দেওয়া হয়েছে দিল্লি থেকে অন্য রুটে।

রবিবার সকালে উত্তর-পশ্চিম ভারতের পাঞ্জাব, হরিয়ানা, দিল্লি ও পশ্চিম উত্তর প্রদেশ ছিল ঘন কুয়াশায় ঢাকা। রাজধানী দিল্লিতে ন্যূনতম তাপমাত্রা ছিল ৭ ডিগ্রি সেলসিয়াস। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২২ ডিগ্রি সেলসিয়াস। অন্যান্য শহরের ন্যূনতম তাপমাত্রা অনেকটাই কমে যায়। এর মধ্যে ঘন কুয়াশার কারণে ট্রেনগুলি বিলম্বিত হতে শুরু করে। এবার ধোঁয়াশার কারণে বিলম্বিত হতে শুরু করেছে উড়ান চলাচলও। পুরো উত্তর ভারতই এখন শৈত্যপ্রবাহের কবলে। প্রবল ঠান্ডা প্রভাব ফেলছে মানুষের স্বাভাবিক জীবনযাত্রার উপরেও। গত সপ্তাহে যেমন কুয়াশা মারাত্মক আকার নিয়েছিল। এবার ধোঁয়াশাও কার্যত একই জায়গায় চলে যাচ্ছে। এর ফলে দৃশ্যমানতা অনেকটাই কমে গেছে। প্রভাব পড়ছে ট্রেন ও সড়ক পরিবহণ ও উড়ান চলাচলের ওপর। দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল ট্রেন ও উড়ান চলাচল স্বাভাবিক রাখতে আগে বহুবার নানাবিধ ব্যবস্থার কথা বলেছেন। রাজধানী দিল্লিকে দূষণের হাত থেকে বাঁচাতে সুপ্রিম কোর্ট গত দিওয়ালি থেকেই বাজি পোড়ানো নিষিদ্ধ করেছে।

নামার পরও কয়েকঘণ্টা আটকে থাকলেন উড়ান যাত্রীরা

পাটনা, ৩১ ডিসেম্বর : পাটনা বিমানবন্দরে দু-দু'টি বিমানের যাত্রীরা এক ঘণ্টারও বেশি সময় ল্যান্ডিংয়ের পরও বিমান ছাড়ার সুযোগ পেলেন না। ওই বিমানগুলির জন্য পার্কিং স্পেস না থাকাতে একটি ফ্লাইটকে আটকে থাকতে হয়। বিমানটিতে যাত্রী ছিলেন ১৪০ জন। পাটনার জয়প্রকাশ নারায়ণ বিমানবন্দরে দু'টি ইন্ডিগো বিমানের নামার কথা ছিল রাত ১ ও ৫-এ। রাত নং ৪ শুক্রবার রাত থেকেই আটকে রেখেছিল ইন্ডিগোর একটি বিমান। ওই বিমানের পাইলটের ওড়ার সময় শেষ হয়ে যাওয়ায় বিমানটিকে ওড়ার অনুমতি দেয়নি বিমানবন্দর কর্তৃপক্ষ। ফলে এক ঘণ্টা ৪০ মিনিট দাঁড়িয়ে থাকতে হয় বিমানটিকে।

রাঁচিতে খাদি সরস মেলায় রবিবার আদিবাসী লোকশিল্পীরা গানে গানে স্বাগত জানালেন ইংরেজি নতুন বছর ২০১৮কে।

রজনীকান্তকে অশিক্ষিত বললেন স্বামী

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : তামিল সুপারস্টার রজনীকান্ত নতুন রাজনৈতিক দল গড়ার কথা ঘোষণা করায় রবিবার বিজেপির ফায়ার ব্র্যান্ড সাংসদ সুব্রহ্মণ্যম স্বামী তাঁকে অশিক্ষিত বলে মন্তব্য করেছেন। রাজ্যসভার সাংসদের মতে, তামিলনাড়ুর মানুষ যথেষ্ট বুদ্ধিমান। তাঁরা বুঝতে পারবেন, বিকল্প কিছু খুঁজে না পেয়ে রজনীকান্ত নতুন রাজনৈতিক দল গড়ার ঘোষণা করেছেন। 'মিডিয়া হাইপ' তোলার জন্য তাঁর এই উদ্যোগ।

স্বাগত ২০১৮

বিশেষ প্রতিবেদন : স্বাগত ২০১৮। এল আরও একটি নতুন বছর। ৩১ ডিসেম্বর, ২০১৭তে আমরা বিদায় জানিয়েছি পুরনো বছরটিকে। সকালে নতুন সূর্য একরাশ আলো ছড়িয়ে বার্তা পাঠিয়েছে এই শুভক্ষণের। সারা দেশ তো বটেই, সারা পৃথিবী ইংরেজি নববর্ষের আনন্দ-উচ্ছ্বাসে মেতে উঠেছে। বর্ষবরণের রাতে শোনা গিয়েছে জাহাজের ভেপু। মানুষ দলে দলে বেরিয়ে পড়েছেন পথে। চার্চগুলিতেও নতুন বছরকে স্বাগত জানিয়ে দলে দলে মানুষ এসেছেন।

যুদ্ধবিধ্বস্ত এই পৃথিবীতে আরও একটি বছর এসে গেল। আমরা সবাই চাই নতুন বছরটি শান্তি আনুক সারা বিশ্বে, আনুক সমৃদ্ধি, সুস্বাস্থ্য ও সকলের জন্য শিক্ষা। ভারতের মতো দেশে ২০১৭তে লোকসভায় আনা হয়েছে 'তিন তালাক' বিল। মুসলিম মহিলারা বহুদিনের একটি অভিশাপ থেকে মুক্তি পেতে চলেছেন। তাই বিলটি যেদিন লোকসভায় আনা হয়েছে, সেদিন তাঁদের মিষ্টিমুখ করাতে দেখা গেছে একে-অপরকে। মুসলিম দেশগুলিতেও এই প্রথার বিলোপ হয়েছে বহুদিন আগেই। অথচ ধর্মনিরপেক্ষ ভারতে মুসলিম মেয়েদের দীর্ঘদিন ধরে বয়ে চলতে হয়েছে এরকম একটি অন্যায্য এবং অপমানকর প্রথা।

ভারতের রাজনীতি ক্ষেত্রে যে অনৈক্য দীর্ঘদিন ধরে চলছে, এবার সেখানে স্থিতি আসুক। ২০১৮ দেশের মানুষের জীবনে বয়ে আনুক স্বস্তি, সীমান্ত হয়ে উঠুক শান্তিপূর্ণ সহাবস্থানের ক্ষেত্র। বন্ধ হোক মানুষ মারার কারবার। মানুষের প্রবল প্রতিহিংসার মনোভাব, বিচ্ছিন্নতাবাদ, সন্ত্রাসবাদ সমূলে বিনাশ হোক। তার জন্য চাই প্রশাসনের আরও কড়া পদক্ষেপ। বন্ধ হোক গণধর্ষণ তথা শিশুদের উপর যৌন নির্যাতন। সমস্যা থাকবেই কিন্তু সেইসব সমস্যা কাটিয়ে ওঠাই হোক ২০১৮'র অঙ্গীকার।

পরিবারের সঙ্গে কুলভূষণের সাক্ষাৎ করার পরই দু'দেশের জাতীয় উপদেষ্টাদের মধ্যে গোপন বৈঠক

নয়াদিল্লি/ইসলামাবাদ, ৩১ ডিসেম্বর : মা ও স্ত্রী পাকিস্তানে আটক ভারতীয় বায়ুসেনার প্রাক্তন অফিসার কুলভূষণ যাদবের সঙ্গে দেখা করে দিল্লি ফেরার ঠিক একদিন পরেই ভারত এবং পাকিস্তানের জাতীয় নিরাপত্তা উপদেষ্টারা বৈঠক করলেন। বৈঠকটি এবেলারে গোপন রাখা হয়েছে। তবে ফাঁস করেছে প্রচারমাধ্যম। প্রচারমাধ্যমের রিপোর্ট অনুযায়ী, গত ২৬ ডিসেম্বর এই বৈঠকটি হয়েছে।

থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে এই বৈঠকে ভারত ছিলেন ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল এবং তাঁর পাকিস্তানি কাউন্টার পার্ট লেফটেন্যান্ট জেনারেল নাসির খান জাঞ্জুয়া (অবসরপ্রাপ্ত)। সূত্রটি জানাচ্ছে, এই বৈঠকের সঙ্গে পাকিস্তানের যাদবের স্ত্রী ও মা'র প্রতি যে ব্যবহার করা হয়েছে তার সঙ্গে কোনও সম্পর্ক ছিল না।

ডিসেম্বর মাসের গোড়াতেই নাকি বৈঠকটি নিয়ে দু'দেশের মধ্যে কথা হয়। এক মুখপাত্রের দাবি, বৈঠকটি পুরোপুরি প্রি-সিডিউলড মিটিং। যদিও সরকারিভাবে এ সম্পর্কে কোনও মন্তব্যই করা হয়নি। উল্লেখ্য, ২০১৫ সালের ডিসেম্বরেও দোভাল এবং জাঞ্জুয়া থাইল্যান্ডে বৈঠক করেছিলেন। সে সময় বৈঠকের মূল আলোচ্য বিষয় ছিল নিয়ন্ত্রণরেখায় শান্তি ও নিরাপত্তা রক্ষা। তাদের মধ্যে যথেষ্ট গঠনমূলক আলোচনাও হয়েছিল। ভারত ও পাকিস্তানের সঙ্গে কুলভূষণ যাদবকে নিয়ে সম্পর্কে কিছুটা তিক্ততার সৃষ্টি হয়েছে। এর মধ্যে আবার চলতি বছরের ২৮ ডিসেম্বর যাদবের মা ও স্ত্রীকে তাঁর সঙ্গে দেখা করার অনুমতি দেয় ইসলামাবাদ। কিন্তু তাঁদের গা থেকে যাবতীয় গয়না খুলে নেওয়া হয় সাক্ষাৎকারের সময়। যা দেখে রীতিমতো চমকে উঠেছিলেন কুলভূষণ। এই ঘটনা জানাজানি হওয়ার পর সংসদের দুই কক্ষেই প্রবল হইচই হয়েছে।

এমনকি বিদেশ মন্ত্রী সুষমা স্বরাজকেও রীতিমতো বিবৃতি দিয়ে বলতে হয়েছে, যাদবের পরিবারের প্রতি অমানবিক ব্যবহার করা হয়েছে। প্রসঙ্গত, পাক সামরিক আদালতে ৪৭ বছর বয়সের কুলভূষণ যাদবকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। যদিও ভারতের উদ্যোগে আন্তর্জাতিক আদালত তাঁর ফাঁসির আদেশে স্থগিতাদেশ দেওয়ায় পাকিস্তান এখনও পর্যন্ত যাদবের বিরুদ্ধে কোনও শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারেনি।

বিলাসবহুল বিয়ে আটকাতে বিল আনছে সরকার

নয়াদিল্লি/মুম্বই, ৩১ ডিসেম্বর : মুম্বইয়ের (উত্তর) সাংসদ গোপাল চেল্লাইয়া শেট্টি চান, বিলাসবহুল বিয়ে আটকাতে। সেজন্য তিনি ইতিমধ্যেই প্রাইভেট মেম্বার বিল চেয়েছেন। লোকসভায় শুক্রবার সারা দেশেই বিয়েতে বিপুল পরিমাণ অর্থ খরচ আটকানোর জন্য আলোচনা হয়। লোকসভায় যে বিলটি আসবে তাতে বিয়ে এবং বিয়ের সঙ্গে সম্পর্কিত অনুষ্ঠানে বিপুল পরিমাণ খরচ না করার কথা বলা হয়েছে। শেট্টি জানিয়েছেন, এ ধরনের বিয়ে সম্পর্কে বিল আনার আগে ব্যাপক আলোচনা প্রয়োজন।

অন্তত লোকসভায় বিষয়টি নিয়ে আলোচনার সময় মানুষ এ নিয়ে ভাবনাচিন্তা করতে পারবেন। কিছু মানুষ আছেন, যারা বিয়েতে বিপুল পরিমাণ অর্থ খরচ করতে পারেন, অন্যদিকে কিছু মানুষ আছেন অর্থের অভাবে যাঁদের বিয়েই হয় না। এই দুইয়ের মধ্যে সমতা থাকা উচিত। শেট্টি আরও বলেছেন, তাঁর নিজের কেন্দ্রে যারা বিলাসবহুল বিয়ে করতে চলেছেন তাঁদের কাছে তিনি আর্জি জানিয়েছেন, একজন দরিদ্র মানুষের বিয়েতেও তিনি কিছু সাহায্য করুন। তাদের পুরো অর্থ খরচ করা হয়তো সম্ভব নয়। কিন্তু কিছুটা সমতা অন্তত থাকুন সেখানে।

ফিরে দেখা— ৩১ ডিসেম্বর ২০১৭

* নিজের রাজনৈতিক দল ঘোষণা করে যাবতীয় জল্পনার অবসান ঘটালেন তামিল সুপারস্টার রজনীকান্ত। রবিবার রজনীকান্ত ঘোষণা করেছেন, তিনি তাঁর নিজের দল গঠন করছেন। এই ঘোষণার সঙ্গে সঙ্গে রজনীকান্ত বলেছেন, আসন্ন যাবতীয় নির্বাচনে তাঁর দল অংশ নেবে।

* পুলওয়ামায় সিআরপিএফ-এর প্রশিক্ষণ শিবিরে জঙ্গি হানায় এক জওয়ানের মৃত্যু হয়েছে। সেনা সূত্রে জানা গেছে, জম্মু-কাশ্মীরে পুলওয়ামা জেলায় রবিবার দিনের ব্যস্ত সময়ে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সের প্রশিক্ষণ শিবিরে কমপক্ষে দুই জঙ্গি আক্রমণ চালায়। সইফুদ্দিন সোজ নামে এক জওয়ানের এই আক্রমণে মৃত্যু হয়। আরও দুই জওয়ান গুরুতর আহত হন। তাঁদের শ্রীনগরের একটি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। শেষ খবর পাওয়া পর্যন্ত জানা গেছে, ওই দুই জওয়ানের অবস্থা স্থিতিশীল।



* ২০১৭-র শেষ 'মন কি বাত' অনুষ্ঠানে রবিবার কথা বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার ৩১ ডিসেম্বর ছিল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আশ্রহে সৃষ্টি 'মন কি বাত' -এর ২০১৭'র শেষ অনুষ্ঠান। এই অনুষ্ঠানে জাতির উদ্দেশে ভাষণ দেন নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর সচিবালয় থেকে ইউটিউব চ্যানেলে এই ৩৯তম রেডিও অনুষ্ঠানটি সম্প্রচারের ব্যবস্থা করা হয়।

* ঘন কুয়াশার কবলে দিল্লি। দূষণের মাত্রা ছাড়াল মাপকাঠি। রবিবার সকালে ধোঁয়াশার মধ্যে ঘুম ভাঙে রাজধানীর মানুষের। সমগ্র উত্তর ভারতে এখন শৈত্যপ্রবাহ চলছে। এর ফলে এমনিতেই স্বাভাবিক তাপমাত্রা হরিয়ানা, পাঞ্জাব, হিমাচল প্রদেশ, উত্তর-পশ্চিম ভারত, দিল্লি ও উত্তর ভারতের বিভিন্ন শহরে অনেকটাই কমে এসেছে। রবিবার প্রবল ধোঁয়াশার ফলে দৃশ্যমানতা একেবারে কমে যায়।

* ২০১৮কে স্বাগত জানাচ্ছেন শচীন ও যুবরাজ। তাঁরা কেউ অবসর নিয়েছেন প্রথম শ্রেণির ক্রিকেট থেকে, আবার কেউ ফিরে আসার প্রবল লড়াই চালাচ্ছেন। কিন্তু ক্রিকেট মাঠের বাইরে ভারতীয় ক্রিকেট খেলোয়াড়রা সবসময়ই একটি টিম। সম্প্রতি যুবরাজ সিং তাঁর ইনস্টাগ্রামে পোস্ট করেছেন সেরকমই একটি ছবি। শচীন তেন্ডুলকরের সঙ্গে প্রাক্-নববর্ষে ব্যাট করার সেই ছবিটি ইনস্টাগ্রামে দিয়েছেন ভারতের এই অলরাউন্ডার।

ছুটি কাটাতে গোয়া পৌঁছলেন রাহুল

পানাজি, ৩১ ডিসেম্বর : কংগ্রেস সভাপতি রাহুল গান্ধি নতুন বছরটি পালন করছেন এবার গোয়ায়। সেখানে আগে থেকেই রয়েছেন রাহুলের মা তথা প্রাক্তন কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধি। শনিবার রাতে রাহুল গোয়া পৌঁছান। প্রসঙ্গত, গত বছর সোনিয়া, রাহুল এবং প্রিয়াঙ্কা গোয়াতে একসঙ্গেন নতুন বছরটি কাটান। গত কয়েকবছর ধরেই তাঁর পছন্দের রিসর্টে বার বার ফিরে আসেন সোনিয়া। গত বছর সোনিয়া এবার যে রিসর্টে আছেন, সেখানেই ছিলেন। দিল্লিতে দূষণের মাত্রা ক্রমশ চড়ছে। ফলে আবহাওয়ার পরিস্থিতি খুবই খারাপ। সোনিয়ার শ্বাসকষ্ট আছে। তিনি অসুস্থও হয়ে পড়েছেন একাধিকবার। তাই চিকিৎসকরা সোনিয়াকে রাজধানীর বাইরে কোথাও গিয়ে ছুটি কাটানোর পরামর্শ দেন। সেই থেকে গোয়ায় ইংরেজি নববর্ষের শুরুতে সোনিয়া সহ পুরো গান্ধি পরিবারেরই গন্তব্য। গোয়াতে এখন দেশ-বিদেশের বহু পর্যটক রয়েছেন। রিসর্টে তাদের সঙ্গে পরিচিত হচ্ছেন সোনিয়া। কখনও বা সাইক্লিং করছেন। সেই ছবি ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। বোঝা যাচ্ছে, সোনিয়া বেশ খোশমেজাজেই রয়েছেন। কংগ্রেস সভাপতি হিসেবে রাহুলের প্রথম ছুটিটিও কাটছে গোয়াতেই।

গোয়ায় ছুটি কাটাতে মায়ের কাছে শনিবারই পৌঁছে গেছেন কংগ্রেসের নবনির্বাচিত সভাপতি রাহুল গান্ধি।